

MB  
২৫/৪/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
মিরপুর-২, ঢাকা-১২১৬  
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.২৭.৩৫৫.২২- ২৩২

তারিখ: ০৫ জুলাই ১৪৩০  
২৬ জুলাই ২০২৩

### আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদুল করিম, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, মাধবপুর, হবিগঞ্জ (সাবেক আনোয়ারা, চট্টগ্রাম)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) উপবিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশ গ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সার্বিক বিবেচনায় বণিত কর্মচারী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) (ব) অনুযায়ী "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" (অর্থাৎ তার বর্তমান মূলবেতন ১৫,২০০/- হতে ১৪,৪৭০/- টাকায় অবনমিতকরণ করা হয়। তার বেতন ১৪,৪৭০/- টাকায় নির্ধারণ করা হয়। উক্ত দভাদেশ পরবর্তী ০১ (এক) বছরের জন্য বলবৎ থাকবে। বেতন অবনমিতকরণকাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না) দস্ত আরোপ করা হয়;

যেহেতু, জনাব মোহাম্মদুল করিম, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, মাধবপুর, হবিগঞ্জ (সাবেক আনোয়ারা, চট্টগ্রাম)-এর আপিল আবেদনের প্রেক্ষিতে তার বিভাগীয় মামলার মূল নথি, অভিযোগনামার লিখিত জবাব, আপিল শুনানিতে প্রদত্ত বক্তব্য ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায়- অভিযোগকারী প্রধান শিক্ষক নিজের কাছে স্বাক্ষরিত এসিআর রেখে দিয়েছিলেন যা বিধিসম্মত নয়। তদন্ত প্রতিবেদনে চাকরি স্থায়ীকরণের আবেদন বিলম্বে উপস্থাপন এবং উপজেলা শিক্ষা অফিসারের সাথে একাত্ম হয়ে হয়রানী করার অভিযোগ প্রমাণিত বলা হলেও বিষয়টি তথ্য প্রমাণক ভিত্তিক নয় বিধায় বিভাগীয় মামলায় তাকে প্রদত্ত দস্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় মহোদয় কর্তৃক মওকুফ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোহাম্মদুল করিম, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, মাধবপুর, হবিগঞ্জ (সাবেক আনোয়ারা, চট্টগ্রাম)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ক) মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শাহ রেজওয়ান হায়াত  
মহাপরিচালক (গ্রেড-১)  
টেলিফোন: ০২-৫৫০৭৪৭৭৭

ই-মেইল: dgprimarybd@gmail.com

তারিখ: ০৫ জুলাই ১৪৩০  
২৬ জুলাই ২০২৩

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.২৭.৩৫৫.২২- ২৩২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব (প্রশাসন-১)
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ/সিলেট বিভাগ, চট্টগ্রাম/সিলেট।
৫. শেখ সাইদুর রহমান, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপন/আদেশ ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম/হবিগঞ্জ।
৭. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মাধবপুর, হবিগঞ্জ।
৮. উপজেলা শিক্ষা অফিসার, মাধবপুর, হবিগঞ্জ।
৯. মোহাম্মদুল করিম, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, মাধবপুর, হবিগঞ্জ (সাবেক আনোয়ারা, চট্টগ্রাম)।
১০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সংরক্ষণ নথি।

ড. নাছিম বেগম  
উপপরিচালক  
তদন্ত ও শৃঙ্খলা শাখা

email: inquirycelldpe@gmail.com

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর পরিচালক (আইএমডি) এর দপ্তর	
তারিখ: -----	
<input checked="" type="checkbox"/> সিনিয়র সিস্টেম এনালিস্ট	
<input type="checkbox"/> সিনিয়র সিস্টেম এনালিস্ট (চঃ দাঃ)	
<input type="checkbox"/> সিস্টেম এনালিস্ট	-141-
<input type="checkbox"/> প্রোগ্রামার-১	
<input type="checkbox"/> মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার	
<input type="checkbox"/> প্রোগ্রামার-২	
<input type="checkbox"/> সহঃ প্রোগ্রামার-১	
<input type="checkbox"/> সহঃ প্রোগ্রামার-২	
<input type="checkbox"/> সহঃ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার-১	
<input type="checkbox"/> সহঃ মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার-২	
পরিচালক (আইএমডি)	

E:\Office Order-2 (Autosaved).doc

IMD-২৩০  
২৫/৪/২৩

২৫.৭.২০২৩